# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৬২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. শক্ত খাদ্য গ্রহণে অভ্যস্ত হওয়ার পূর্বে ছেলে ও মেয়ে শিশুর পেশাব সম্পর্কিত বিধান

بَابُ الْحُكْمِ فِي بَوْلِ الصَّبِيِّ وَالصَّبِيَّةِ مَا لَمْ يَأْكُلَا الطَّعَامَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُبَشِّرٍ ، وَأَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدٍ الْوَكِيلُ ، قَالَا : نَا عَمْرُو بْنُ عَلِيٍّ ، ثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، نَا يَحْيَى بْنُ الْوَلِيدِ ، حَدَّثَنِي مُحِلُّ بْنُ خَلِيفَةَ الطَّائِيُّ ، حَدَّثَنِي أَبُو السَّمْحِ ، قَالَ : كُنْتُ أَخْدُمُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَإِذَا أَرَادَ أَنْ يَغْتَسِلَ ، قَالَ " وَلِّنِي قَفَاكَ " فَأُوَلِيهِ قَفَايَ ، وَأَنْشُرُ الثَّوْبَ ـ يَعْنِي : أَسْتُرُهُ ـ فَأُتِيَ بِحَسَنٍ أَوْ حُسَيْنٍ فَبَالَ ، عَلَى صَدْرِهِ فَدَعَا بِمَاءٍ فَرَشَّهُ عَلَيْهِ وَقَالَ : " هَكَذَا يُصْنَعُ يُرَشُّ مِنَ الذَّكَرِ ، وَيُغْسَلُ مِنَ الْأُنْثَى

বাংলা

৪৬২(৪). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... আবুস-সামহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমত করতাম। তিনি যখন গোসলের প্রস্তুতি নিতেন তখন বলতেনঃ অন্যদিকে ফিরে দাঁড়াও। আমি অন্যদিকে ফিরে দাঁড়াতাম এবং কাপড় দিয়ে পর্দা (আড়াল) করতাম। তারপর শিশু হাসান (রাঃ) অথবা হুসাইন (রাঃ)-কে আনা হলো। তিনি তাঁর বুকে পেশাব করে দিলেন। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পানি আনিয়ে তা পেশাবের স্থানে ছিটিয়ে দিলেন এবং বললেনঃ অনুরূপ করতে হবে। ছেলে শিশুর পেশাবে পানি ছিটিয়ে দিতে হবে এবং মেয়ে শিশুর পেশাব ধুয়ে ফেলতে হবে।

ফুটনোট

* আবু দাউদ, নাসাঈ, ইবনে মাজা, বাযার ও ইবনে খুযায়মার গ্রন্থে হাদীসটি উল্লেখ আছে। ইমাম বুখারী (রহঃ) বলেন, এটি হাসান হাদীস (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুস-সামহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80251

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন